MAR. 0 4 2000

দৈনিক ইত্তেফাক ৫৫৪

তারিখ ... ... ... ... .../... ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৬ ...

# জাতীয় বিশ্ববিদ্যালয় সমীপে

আমরা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজের দ্বিতীয় বর্ষের ছাত্র-ছাত্রী। গত ১৭-২-২০০০ইং তারিখের দৈনিক ইত্তেফাকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০০০ ও ২০০১ সালের একাংশের পরীক্ষার ক্যালেন্ডার প্রকাশ করা হইয়াছে। অত্যন্ত দুঃখের বিষয় যে, ৯৯ সালের পার্ট-২ পরীক্ষার সময়সূচী শুধু ১লা জুলাই নির্ধারণ করা হইয়াছে। অথচ আমাদের কোর্সে দুইটি পরীক্ষা হওয়ার কথা। অন্যান্য বিষয়ের সমস্ত পরীক্ষার তারিখ নির্ধারণ করিয়া দেওয়া হইয়াছে। সাবসিডিয়ারী পরীক্ষা সম্পর্কে আমরা সবাই উদ্বিগ্ন। এ ব্যাপারে শিক্ষকরাও সুস্পষ্ট ধারণা দিতে পারিতেছে না। এমতাবস্থায়, সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে আমাদের আকুল আবেদন এই যে, উল্লিখিত সমস্যাগুলির সমাধান অনতিবিলম্বে দেওয়া হউক।

মোহাম্মদ আব্দুল বারেক (সুজন),
ইসলামের ইতিহাস,
জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ,
ঢাকা-১১০০।